



কুমিল্লায় ভয়াবহ বাস-ট্রেন দুর্ঘটনায় নিহত ১২



সংগৃহীত ছবি

কুমিল্লায় যাত্রীবাহী একটি বাসের সঙ্গে ট্রেনের সংঘর্ষে অন্তত ১২ জনের মৃত্যু হয়েছে। নিহতদের মধ্যে তিন শিশু ও দুই নারী রয়েছেন। দুর্ঘটনায় আরও বহু যাত্রী আহত হয়েছেন, ফলে হতাহতের সংখ্যা বাড়ার আশঙ্কা রয়েছে।

শনিবার (২১ মার্চ) দিবাগত রাত প্রায় ৩টার দিকে পদ্ময়ার বাজার রেলক্রসিং এলাকায় এ দুর্ঘটনা ঘটে। ঘটনার পর রাজধানী ঢাকা ও চট্টগ্রাম-এর মধ্যকার রেল চলাচল সাময়িকভাবে বন্ধ হয়ে যায়।

আহতদের উদ্ধার করে কুমিল্লা মেডিকেল কলেজ হাসপাতাল-এ ভর্তি করা হয়েছে। নিহত ও আহতদের পরিচয় নিশ্চিত করতে কাজ করছে পুলিশ।

LENS ASIA